দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAR 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

75

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদ শূন্য থাকার কারণে

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসির পদটি দু'মাসেরও বেশী সময় ধরিয়া খালি থাকায় একদিকে প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হইতেছে অন্যদিকে অনেকে ব্যক্তিগতভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে। প্রো-ভিসি ফিনান্স কমিটি এবং শিক্ষক নিয়োগের মত গুরুত্বপূর্ণ কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন। প্রো-ভিসি না থাকায় ফিনান্স কমিটির কার্যক্রমে ইহার মধ্যেই জটিলতার সৃষ্টি হইয়াছে। অন্যদিকে প্রভাষক পদে নিয়োগ বন্ধ থাকায় শিক্ষক স্বল্পতার কারণে অনেক বিভাগে শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে। প্রভাষক পদের প্রার্থীরা হতাশায় ভুগিতেছেন। বর্তমানে প্রভাষক হিসাবে কর্মরত যাহারা সহকারী অধ্যাপক হওয়ার যোগ্যতা অর্জনপূর্বক আবেদনপত্র জমা দিয়াছেন তাঁহারাও হতাশ হইতেছেন। পদোন্নতি না হওয়ায় তাঁহারাও চাকুরীতে জ্যেষ্ঠতা লাভে ব্যর্থ এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হইতেছেন। তাহা ছাড়া চাকুরী স্থায়ীকরণ ও অন্যান্য ব্যাপারেও বিশ্ববিদ্যালয়ের অনেক সমস্যায় পড়িয়াছেন। এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে আবেদন, বিষয়টির গুরুত্ব অনুধাবনপূর্বক নূতন প্রো-ভিসি নিয়োগের জন্য দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা হোক।

—নাম প্রকাশে অনিচ্ছুক।